দৈনিক
ইত্তেফাক

2 FEB 2017
পৃষ্ঠা ৭

# হাতিয়ায় শিক্ষক-শিক্ষার্থীর ওপর নির্যাতনকারীদের বিচার দাবি

■ হাতিয়া (নোয়াখালী) সংবাদদাতা

হাতিয়া উপজেলার এএম উচ্চ বিদ্যালয় মিলনায়তনে গত বুধবার সকাল ১০টার দিকে বাংলাদেশ শিক্ষক সমিতি হাতিয়া উপজেলা শাখার উদ্যোগে শিক্ষকের উপর হামলা ও ছাত্রী নির্যাতনকারীদের বিচারের দাবিতে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় শিক্ষক সমিতির সভাপতি মো: মোজাম্মেল হক তাঁর বক্তব্যে বলেন, গত ২৮ জানুয়ারি শনিবার হাতিয়া উপজেলার চরকিং বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ফখরুল ইসলাম কাজলকে কতিপয় সন্ত্রাসীরা রাস্তায় লাঞ্ছিত করে তার মোটরসাইকেল ছিনিয়ে নিয়ে যায়। এ ব্যাপারে হাতিয়া থানায় ফখরুল ইসলাম বাদী হয়ে রিয়াজ উদ্দিন (৩০) ও রাসেল উদ্দিন (২৭) কে আসামি করে একটি অভিযোগ দায়ের করেন। অনতিবিলম্বে দোষী সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে শিক্ষক সমিতির পক্ষ থেকে কঠোর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।

হাতিয়া মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আ.ন.ম হাছান শিক্ষক নির্যাতনকারী সন্ত্রাসী ও ছাত্রী নির্যাতনকারী বখাটেদেরকে দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি জানান।

এসময় আরো বক্তব্য রাখেন মফিজিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোজাহেদুল ইসলাম, বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ফজলুল হক, ওছখালী এস.টি বালিকা উঃ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিম চন্দ্র দাস, চরকিং বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহির উদ্দিন প্রমুখ।